২৪/১০/২০০৫

দৈনিক ইনকিলাব

তারিখ ...... পৃষ্ঠা ৩ কলাম ২

শিক্ষক সমিতি ফেডারেশনের সাংবাদিক সম্মেলন

# শিক্ষার মান উন্নয়নে পৃথক বেতন কমিশন ও জনবল কাঠামো পুনর্গঠনের দাবী

**স্টাফ রিপোর্টার ঃ** বাংলাদেশ শিক্ষক সমিতির উদ্যোগে আয়োজিত সাংবাদিক সম্মেলনে শিক্ষার মান উন্নয়নে শিক্ষকদের জন্য পৃথক জাতীয় বেতন কমিশন গঠন, শিক্ষকদেরকে সরকারী বেতনের ১০০ ভাগ প্রদান এবং জনবল কাঠামো পুনর্বিবেচনার দাবী করা হয়েছে।

গতকাল (মঙ্গলবার) সকালে জাতীয় প্রেস ক্লাবে আয়োজিত সাংবাদিক সম্মেলনে বক্তব্য রাখেন সেক্রেটারী জেনারেল প্রিন্সিপাল কাজী ফারুক আহমেদ। সাংবাদিক সম্মেলনে উপস্থিত ছিলেন ফেডারেশনভুক্ত সংগঠনসমূহের শীর্ষ নেতৃবৃন্দ।

কাজী ফারুক আহমেদ বলেন, বাংলাদেশের ৫ লাখ শিক্ষক এখন সংগঠিত সামাজিক শক্তি। জাতীয় সংসদ নির্বাচনের পূর্বে প্রায় সকল রাজনৈতিক দলের নির্বাচনী ইশতেহারে শিক্ষকদের দাবীসমূহ বিশেষ করে বেসরকারী শিক্ষকদেরকে দেয় সরকারী বেতনের শতকরা ৯০ ভাগ থেকে বৃদ্ধি করে ১০০ ভাগে উন্নীত করার কথা উল্লেখ করা হয়েছিল। ৪ দলীয় জোট সরকার গঠনের পর সচিবদের সাথে অনুষ্ঠিত প্রথম বৈঠকে নতুন সরকারের প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া বলেছেন, শিক্ষা মানব সম্পদ উন্নয়নের অপরিহার্য উপাদান। বেগম খালেদা জিয়ার এ উপলব্ধিকে অভিনন্দিত করা হয় সাংবাদিক সম্মেলনে।

প্রধানমন্ত্রী শিক্ষা সচিবের নেতৃত্বে মানব সম্পদ উন্নয়নের জন্য যে কমিটি গঠনের নির্দেশ দিয়েছেন সে কমিটিকে সার্বিক সহযোগিতা দেয়ার কথা বলা হয়েছে সাংবাদিক সম্মেলনে। কাজী ফারুক একটি সুপারিশমালা প্রণয়নের জন্য গঠিত কমিটিকে ১ সপ্তাহের স্থলে ১ মাস সময় দেয়ার আহ্বান জানান।

সাংবাদিক সম্মেলনে কাজী ফারুক শিক্ষকদের পেশাগত মর্যাদা সংরক্ষণ ও সমুন্নতকরণের লক্ষ্যে এবং মেধাবীদেরকে শিক্ষকতা পেশায় আকৃষ্ট করতে শিক্ষকদের জন্য পৃথক বেতন কমিশন গঠনের দাবী করেন। তিনি আঞ্চলিক শিক্ষার মান উন্নয়নের জন্য সংসদ সদস্যগণের নেতৃত্বে আঞ্চলিক শিক্ষা উন্নয়ন পরামর্শ কমিটি গঠনের দাবীসহ সর্বাগ্রে শিক্ষাঙ্গনকে সন্ত্রাস ও দলীয় রাজনীতিমুক্ত করার এবং অবিলম্বে শিক্ষকদের সরকারী বেতনের অংশ ১০০ ভাগ প্রদানের দাবী করেন।

সাংবাদিক সম্মেলনে ফেডারেশনের উত্থাপিত প্রস্তাবসমূহ হচ্ছে ঃ আপনারা অবগত আছেন যে, বেশীরভাগ শিক্ষা প্রতিষ্ঠানে বছরের পর বছর কোন একাডেমিক পরিদর্শনের ব্যবস্থা নেই,